



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)



স্মার্টকার্ড ড্রাইভিং লাইসেন্স ব্যতীত ড্রাইভিং ভিসায় বিদেশ যাওয়ার কার্যক্রম গ্রহণ না করা
সংক্রান্ত বিআরটিএ'র সতর্কীকরণ বিজ্ঞপ্তি

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ড্রাইভিং ভিসায় বিদেশ (সৌদিআরব বা অন্য কোনো দেশ) যাওয়ার ক্ষেত্রে অনেকেই ড্রাইভিং লাইসেন্স না থাকা সত্ত্বেও ড্রাইভিং ভিসা প্রসেস কার্যক্রম শুরু করেন। এতে ড্রাইভিং লাইসেন্স না থাকার কারণে ড্রাইভিং ভিসা না পেয়ে, কখনও কখনও তারা প্রতারণিত হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

মোটরযান ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশীদের জানানো যাচ্ছে যে, যারা ড্রাইভিং ভিসায় বিদেশ যেতে ইচ্ছুক, তাদেরকে বিআরটিএ থেকে যথাযথ প্রক্রিয়ায় স্মার্টকার্ড ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর বিদেশে ড্রাইভিং ভিসা সংক্রান্ত সকল কার্যক্রম শুরু করতে হবে। অর্থাৎ স্মার্টকার্ড ড্রাইভিং লাইসেন্স ব্যতীত ড্রাইভিং ভিসায় বিদেশ যাওয়ার নিমিত্ত আর্থিক লেনদেনের কার্যক্রম গ্রহণ থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)